দৈনিক বাংলা

তারিখ 03 MAR 1993
পৃষ্ঠা ৩ কলাম ৩

# সরকারী কলেজ শিক্ষক সমিতির সাধারণ সভা

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির বার্ষিক সাধারণ সভা সম্প্রতি ঢাকার সরকারী বিজ্ঞান কলেজে অনুষ্ঠিত হয়। সভায় আগামী ৩ বছরের জন্য সরকারী বিজ্ঞান কলেজের অধ্যক্ষ প্রফেসর এম এ রকিবকে ১১ সদস্য বিশিষ্ট উচ্চ ক্ষমতা-সম্পন্ন জাতীয় স্টিয়ারিং কমিটির চেয়ারম্যান নির্বাচিত করা হয় এবং ইডেন মহিলা বিশ্ববিদ্যালয় কলেজের ইসলামের ইতিহাস বিভাগের বিভাগীয় প্রধান রাশেদা বেগম ও চট্টগ্রাম কলেজের অর্থনীতির সহযোগী অধ্যাপক আহমদ হোসেন ও জগন্নাত কলেজের রাষ্ট্র বিজ্ঞানের সহযোগী অধ্যাপক ফাহিমা তৌসিফকে যথাক্রমে সভাপতি, মহাসচিব ও কোষাধ্যক্ষ করে ৪৭ সদস্য-বিশিষ্ট একটি কেন্দ্রীয় কার্যনির্বাহী কমিটি নির্বাচিত করা হয়। সমিতির সিনিয়র সহ-সভাপতি পদে নির্বাচিত হন ভাওয়াল-বদরে আলম বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ প্রফেসর এ কে এম আবদুল্লাহ। অন্যতম সহ সভাপতি পদে নির্বাচিত হয়েছেন টঙ্গী সরকারী কলেজের অধ্যক্ষ প্রফেসর মোজাম্মেল হক। খবর প্রেস বিজ্ঞপ্তির।